কালের কণ্ঠ কালের কণ্ঠ

তারিখ ... 13 JUL 2017 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৫ ...

# নর্থ সাউথে ৩৯টি বিশ্ববিদ্যালয় নিয়ে আইন শিক্ষার্থীদের সম্মেলন আজ

নিজস্ব প্রতিবেদক ▷

৩৯ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের অংশগ্রহণে রাজধানীর নর্থ সাউথ ইউনিভার্সিটিতে (এনএসইউ) আজ বৃহস্পতিবার আইন সম্মেলন অনুষ্ঠিত হচ্ছে। এনএসইউর আইন বিভাগের সহযোগিতায় 'নর্থ সাউথ ইউনিভার্সিটি ল অ্যান্ড মুটিং সোসাইটি'-এর উদ্যোগে 'বাংলাদেশ ল স্টুডেন্টস সিম্পোজিয়াম ২০১৭' নামে এই সম্মেলন অনুষ্ঠিত হচ্ছে। দেশে প্রথমবারের মতো এ ধরনের কোনো আয়োজন করা হচ্ছে। এ সম্মেলনের মিডিয়া পার্টনার কালের কণ্ঠ।

ইতিমধ্যে আয়োজনের সব প্রস্তুতি সম্পন্ন করা হয়েছে। বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের স্নাতক ও স্নাতকোত্তর শ্রেণির আইন বিভাগের শিক্ষার্থীরা তাদের গবেষণামূলক প্রতিবেদনগুলো এই সম্মেলনে উপস্থাপন করবে। এর পাশাপাশি আইন বিষয়ে খুঁটিনাটি আলোচনাও হবে দিনব্যাপী সম্মেলনে।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন পানিসম্পদমন্ত্রী ব্যারিস্টার আনিসুল ইসলাম মাহমুদ। জাতীয় মানবাধিকার কমিশনের সাবেক চেয়ারম্যান ড. মিজানুর রহমানের নেতৃত্বে ছয় সদস্যের বিশেষজ্ঞ প্যানেলের কাছে শিক্ষার্থীরা তাদের গবেষণা উপস্থাপন করবে।

আয়োজকরা জানান, আইনের শিক্ষার্থীরা স্নাতক কিংবা স্নাতকোত্তর পর্যায়ে তাদের পেশাজীবন সমুন্নত করার খুব একটা সুযোগ পায় না। তাদের এই সুযোগ করে দিতেই এই সম্মেলন। এখানে আইন শিক্ষার্থীরা নিজেদের গবেষণামূলক প্রতিবেদন উপস্থাপনের সুযোগ পাবে। দলগত শিক্ষার প্রসার ঘটানো ও শিক্ষার্থীদের আইন পেশার প্রতি উদ্বুদ্ধ করাও এই সম্মেলনের উদ্দেশ্য। এ ছাড়া আইন ও আইনবিষয়ক মতবাদের বিভিন্ন বিষয়ে খুঁটিনাটি ত্রুটি সম্বন্ধেও জানতে পারবে শিক্ষার্থীরা।